

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৩.১৮.১৬২


তারিখ: ১০/০২/২০১৯

বিষয়: বাংলাদেশ ও নিউজিল্যান্ড এর ম্যাচসমূহের চলতি ধারাবিবরণী টিভি মনিটর দেখে সম্প্রচার।

বাংলাদেশ ও নিউজিল্যান্ড-এর মধ্যকার একদিনের আন্তর্জাতিক ম্যাচসমূহের চলতি ধারাবিবরণী টিভি মনিটর দেখে বাংলাদেশ বেতার থেকে নিম্নে বর্ণিত তারিখ, সময় ও ফ্রিকোয়েন্সি অনুযায়ী সরাসরি সম্প্রচার হবে।

ক্রম	ম্যাচ	তারিখ	সময়	ভেন্যু	ইউনিট ও ফ্রিকোয়েন্সি
১	প্রথম একদিনের আন্তর্জাতিক	১৩/০২/২০১৯	সকাল ৭.০০ মি.	ম্যাকলিন পার্ক, নেপিয়ার	বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ
২	দ্বিতীয় একদিনের আন্তর্জাতিক	১৬/০২/২০১৯	ভোর ৪.০০ মি.	হ্যাংলি ওভাল, ক্রাইস্টচার্চ	বেতার, ঢাকা মধ্যম তরঙ্গ ৬৩০
৩	তৃতীয় একদিনের আন্তর্জাতিক	২০/০২/২০১৯	ভোর ৪.০০ মি.	ইউনিভার্সিটি অব ওটাগো ওভাল, ডানেডিন	কি.হা. ও এফ.এম ১০৪.০ মে.হা.

- ২। খেলার সময়সূচিতে কোনরূপ পরিবর্তন হলে পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম খেলার সঠিক সময়সূচি জেনে যথাসময়ে খেলার ধারাবিবরণী সম্প্রচার নিশ্চিত করবেন এবং তিনি বা তাঁর প্রতিনিধি সময়সূচি পরিবর্তনের বিষয়ে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন-কে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন।
- ৩। খেলার ধারাবিবরণী সম্প্রচার সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে খেলা শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে খেলা প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
- ৪। খেলার ধারাবিবরণী সম্প্রচার সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সির পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে। তবে বাণিজ্যিক কার্যক্রম প্রচারিত আযান, সংবাদ, আবহাওয়াবর্তা ইত্যাদি যথারীতি প্রচার হবে।
- ৫। খেলার ধারাবিবরণী সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা প্রকৌশলগত বিষয়ে প্রয়োজনীয় লোকবল ও সমন্বয়সহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন এবং জাতীয় বেতার ভবনের স্টুডিও/প্রধান নিয়ন্ত্রণ কক্ষে বা সুবিধাজনক স্থানে ডিস সংযোগসহ ০১ (এক) টি টেলিভিশন মনিটর এবং ইন্টারনেট সুবিধাসহ কম্পিউটার সুবিধা দিয়ে খেলা সম্প্রচার বুথের ব্যবস্থা গ্রহণ করবেন এবং উল্লিখিত ফ্রিকোয়েন্সি থেকে খেলা সুষ্ঠুভাবে প্রচার হচ্ছে কিনা-তা মনিটর করবেন।
- ৬। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম উক্ত খেলা সম্প্রচারের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব প্রদান এবং ধারাভাষ্যকারদের বুকিং ও দায়িত্ব প্রদান করবেন।
- ৭। খেলা সম্প্রচারে সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা একজন উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী পরিচালক (অনুষ্ঠান)-কে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদানসহ বাণিজ্যিক কার্যক্রমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে-কে প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদান করবেন।
- ৮। খেলা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী-ধারাভাষ্যকারদের খেলা শুরুর ১(এক) ঘন্টা পূর্বে স্টুডিওতে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
- ৯। খেলার ধারাবিবরণী জনপ্রিয় করার লক্ষ্যে পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম নিজস্ব ফ্রিকোয়েন্সি উল্লেখপূর্বক প্রমো/ঘোষণা নিজস্ব চ্যানেলে এবং ফেসবুক পেইজে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১০। উল্লিখিত খেলার ধারাবিবরণী যথাযথভাবে সম্প্রচারের জন্য পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন এবং আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকার নিকট পূর্বাঙ্কে খেলা/বিজ্ঞাপনের কিউশিট সরবরাহ নিশ্চিত করবেন।
- ১১। উল্লিখিত ক্রিকেট টুর্নামেন্টের ওপর নিয়মিত প্রতিবেদন জাতীয় ও স্থানীয় সংবাদে প্রচারের জন্য যথাক্রমে পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, ঢাকা এবং সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-বার্তা নিয়ন্ত্রকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১২। পরিচালক, লিয়াজেঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।


(কামাল আহমেদ)
পরিচালক (অনুষ্ঠান)
মহাপরিচালকের পক্ষে।
ফোন: ০২-৪৪৮১৩০৭৪

dp.program.betar@gmail.com

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)/প্রধান প্রকৌশলী/উপ-মহাপরিচালক (অনুষ্ঠান) বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৩। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম/ লিয়াজেঁ, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
- ৪। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, আগারগাঁও, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক/ প্রকৌশলী বাংলাদেশ বেতার ঢাকা।